ঐশ্বরিক কৃপা
অস্বাভাবিক কৃপার প্রত্যাশা করুন। লোকেরা
যা আপনার প্রতি ঘটার প্রত্যাশা করে, ঈশ্বর তার
ঠিক বিপরীত কাজ করবেন।

আশিস রাইচুর

FOR FREE DISTRIBUTION ONLY

Produced and distributed by All Peoples Church & World Outreach, Bangalore, INDIA.
First English Edition Printed: January 2013
Translated into Bengali: December 2020

Contact Information:
All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: bookrequest@apcwo.org
Website: apcwo.org

Unless otherwise indicated, all Scripture quotations are taken from the Bengali Revised Old Version Updated (ROVU), Bangladesh Bible Society.

Biblical definitions, Hebrew and Greek words and their meanings are drawn from the following resources:
Thayer's Greek Definitions. Published in 1886, 1889; public domain.
Strong's Hebrew and Greek Dictionaries, Strong's Exhaustive Concordance by James Strong, S.T.D., LL.D. Published in 1890; public domain.
Vine's Complete Expository Dictionary of Old and New Testament Words, © 1984, 1996, Thomas Nelson, Inc., Nashville, TN.

FINANCIAL PARTNERSHIP
Production and distribution of this publication has been made possible through the financial support of members, partners, and friends of All Peoples Church. If you have been enriched through this free publication, we invite you to contribute financially to help with the producing and distribution of free publications from All Peoples Church. Please visit apcwo.org/give or see the page “Partner With All Peoples Church” at the back of this book, on how to make your contribution. Thank you!

MAILING LIST
To be notified when free publications are released from All Peoples Church, you may subscribe to our mailing list at apcwo.org

# ঐশ্বরিক কৃপা

# সূচীপত্র

1. ঐশ্বরিক কৃপা কী? ..... 1

2. কী হয় যখন ঈশ্বরের কৃপা আমাদের উপর থাকে? ..... 5

3. কী কারণে ঈশ্বরের কৃপা আমাদের উপর এসে পড়ে? ..... 6

4. ঈশ্বরের কৃপার তত্ত্বাবধান করা ..... 11

# 1. ঐশ্বরিক কৃপা কী?

ঐশ্বরিক কৃপা হল এমন একটা বিষয় যা ঈশ্বর তাঁর লোকেদের উপর প্রদান করে থাকেন। এটি তাঁর আশীর্বাদের মধ্যে একটি যা তিনি আমাদের দিয়ে থাকেন। এই সরল অধ্যয়নে, আমরা আবিষ্কার করবো যে ঐশ্বরিক কৃপা কী, এটা আমাদের জীবনে কী নিয়ে আসে, এবং এই ঐশ্বরিক কৃপা লাভ করার জন্য আমরা কী করতে পারি।

- ঐশ্বরিক কৃপা কী?
- কী ঘটে, যখন ঐশ্বরিক কৃপা আমাদের উপর এসে পড়ে?
- কী কারণে ঈশ্বরের কৃপা আমাদের উপর এসে পড়ে?

ঐশ্বরিক কৃপা হল ঈশ্বরদত্ত একটা বিষয় যা কোনো একজন ব্যক্তির উপর এসে পড়ে এবং সেটা সেই ব্যক্তিকে প্রভাবশালী করে, লোকেদের কাছে, স্থান অথবা কোনো বিষয়ের প্রতি প্রবেশাধিকার দেয়, অস্বাভাবিক সুযোগ দেয়, উচ্চ পদে বসায়, এবং ঐশ্বরিক হস্তক্ষেপ দেখতে পাওয়া যায়।

বাইবেল বলে যে ঈশ্বর পক্ষপাতিত্ব করেন না (রোমীয় 2:11; প্রেরিত্ 10:34)

**রোমীয় 2:11**
**কেননা ঈশ্বরের কাছে কোন পক্ষপাতিত্ব নাই।**

**গীতসংহিতা 34:8**
**আস্বাদন করিয়া দেখ, সদাপ্রভু মঙ্গলময়; ধন্য সেই ব্যক্তি, যে তাঁহার শরণাপন্ন।**

**প্রেরিত্ 10:34**
**তখন পিতর মুখ খুলিয়া কহিলেন, আমি সত্যই বুঝিলাম, ঈশ্বর মুখাপেক্ষা করেন না।**

ঈশ্বর প্রত্যেক মানুষকে সমান ভাবে ভালোবাসেন এবং কারুর মুখাপেক্ষা করেন না। তবুও, মানবজাতির সাথে সম্পর্কে, আমরা দেখতে পাই যে ঈশ্বর কোনো নির্দিষ্ট সময়ে, অথবা কোনো নির্দিষ্ট জীবনের পর্যায়ে, অথবা জীবনের কিছু নির্দিষ্ট মুহূর্তে, কিছু কিছু মানুষের উপর, অথবা কোনো একদল লোকেদের উপর ঐশ্বরিক কৃপা প্রদান করে থাকেন। এবং এই বিষয়ের প্রতি আমি আপনাদের মনোযোগকে আকর্ষিত করতে চাই, যাতে আমরা ঈশ্বরের থেকে কৃপা লাভ করার প্রত্যাশা করতে পারি।

## লোকেদের উপর ঈশ্বরের কৃপার কিছু উদাহরণ

### নহিমিয়

নহিমিয় এমন একজন উদাহরণ যিনি ঐশ্বরিক কৃপা লাভ করেছিলেন। বাইবেলে বাবিলের রাজা, নবূখদ্নিৎসরের কাহিনী লেখা আছে, যিনি যিরূশালেমের উপর আক্রমণ করে সেই নগরকে জয় করেছিলেন (নহিমিয় 1-2)। তিনি মন্দির ও শহরের প্রাচীর ভেঙ্গে ফেলেছিলেন এবং অনেক মানুষদের বাবিলে বন্দী কএ নিয়ে গিয়েছিলেন। সেখানে অনেক পরিবর্তন ঘটেছিল। এরপর পারস্য রাজা বাবিলের রাজাকে পরাজিত করেছিলেন। ঈশ্বরের লোকেরা সেই সময়ে বন্দী ছিল এবং নহিমিয় রাজার প্রাসাদে পানপাত্রবাহকের কাজ করতেন। রাজা যা কিছু খেতে ও পান করতে চাইতেন, তিনি সবকিছু এনে দিতে। রাজ প্রাসাদে, যিরূশালেমে কী কী ঘটছে, সেই সংবাদ নহিমিয়ের কাছে এসে পৌঁছেছিল। তার হৃদয় বিচলিত হয়েছিল,

এবং তিনি অনুভব করলেন যে যিরূশালেমের জন্য তাকে অবশ্যই কিছু সমাধান বের করতে হবে। তিনি নিজেকে বললেন, "আমাকে ফিরে গিয়ে যিরূশালেমের চারিপাশে প্রাচীর পুনরায় নির্মাণ করতে হবে" এবং এই বিষয়ে প্রার্থনা করা শুরু করলেন।

**নহিমিয় 1:11**
**হে প্রভু, বিনয় করি, তোমার এই দাসের প্রার্থনাতে, এবং যাহারা তোমার নাম ভয় করিতে সন্তুষ্ট, তোমার সেই দাসদের প্রার্থনাতে তোমার কর্ণ অবহিত হউক; আর বিনয় করি, অদ্য তোমার এই দাসকে কৃতকার্য কর, ও এই ব্যক্তির সাক্ষাতে করুণাপ্রাপ্ত কর, আমি রাজার পানপাত্র-বাহক ছিলাম।**

তাই, নহিমিয় প্রার্থনা করলেন ও রাজার দৃষ্টিতে কৃপা লাভ করার জন্য ঈশ্বরের থেকে অনুগ্রহ প্রার্থনা করলেন। এটা ছিল ঐশ্বরিক কৃপা লাভ করার একটি প্রার্থনা। দু দিন পর, নহিমিয় রাজপ্রাসাদে ফিরে গিয়েছিলেন।

**নহিমিয় 2:1-8**
**1 অর্তক্ষস্ত রাজার অধিকারের বিংশতিতম বৎসরের নীসন মাসে রাজার সম্মুখে দ্রাক্ষারস থাকাতে আমি সেই দ্রাক্ষারস লইয়া রাজাকে দিলাম। [তৎপূর্বে] আমি তাঁহার সাক্ষাতে কখনও বিষণ্ন হই নাই।**
**2 রাজা আমাকে কহিলেন, তোমার ত পীড়া হয় নাই, তবে মুখ কেন বিষণ্ন হইয়াছে? ইহা ত চিত্তের বিষাদ ব্যতিরেকে আর কিছু নয়। তখন আমি অতিমাত্র ভীত হইলাম।**
**3 আর আমি রাজাকে কহিলাম, মহারাজ চিরজীবী হউন; আমি কেন বিষণ্নবদন হইব না? যে নগর আমার পিতৃলোকদের কবরস্থান, তাহা ধ্বংসিত ও তাহার দ্বার সকল অগ্নিভক্ষিত হইয়াছে।**
**4 তখন রাজা আমাকে কহিলেন, তুমি কি ভিক্ষা চাও? তাহাতে আমি স্বর্গের ঈশ্বরের কাছে প্রার্থনা করিলাম।**
**5 আর রাজাকে কহিলাম, যদি মহারাজের তুষ্টি হয়, এবং আপনার দাস যদি আপনার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকে, তবে আপনি আমাকে যিহূদায়, আমার পিতৃলোকদের কবরের নগরে, বিদায় করুন, যেন আমি তাহা নির্মাণ করি।**
**6 তখন রাজা রাজমহিষীও তাঁহার পার্শ্বে উপবিষ্টা ছিলেন আমাকে জিজ্ঞাসা করিলেন, তোমার যাত্রা কতদিনের জন্য হইবে? আর কবে ফিরিয়া আসিবে? এইরূপে রাজা সন্তুষ্ট হইয়া আমাকে বিদায় করিলেন, আর আমি তাহার কাছে সময় নিরূপণ করিলাম।**
**7 আর আমি রাজাকে কহিলাম, যদি মহারাজের তুষ্টি হয়, তবে নদী-পারস্থ দেশাধ্যক্ষেরা যেন যিহূদায় আমার উপস্থিত না হওয়া পর্যন্ত আমার যাত্রার সাহায্য করেন, এই জন্য তাঁহাদের নামে আমাকে পত্র দিতে আজ্ঞা হউক।**
**8 আর মন্দিরের পার্শ্বস্থ দুর্গ-দ্বারের ও নগর-প্রাচীরের ও আমার প্রবেশ-গৃহের কড়িকাষ্ঠের নিমিত্ত রাজার বন-রক্ষক আসফ যেন আমাকে কাষ্ঠ দেন, এই জন্য তাঁহার নামেও একখানি পত্র দিতে আজ্ঞা হউক। তাহাতে আমার উপরে আমার ঈশ্বরের মঙ্গলময় হস্ত থাকায় রাজা আমাকে সেই সমস্ত দিলেন।**

নহিমিয় রাজার থেকে কী যাচ্ঞা করেছিলেন, সেটা বোঝার চেষ্টা করুন। তিনি মূলত রাজাকে বলেছিলেন যে তিনি রাজার শত্রুদের কাছে ফিরে যেতে চান ও তাদের শক্তিযুক্ত করতে চান, যাতে তারা নিজেদেরকে এই রাজার বিরুদ্ধে রক্ষা করতে পারে, কারণ সেই দিনে, শহরের চারিপাশে প্রাচীর ছিল একটা অন্যতম সুরক্ষার ব্যবস্থা। তারা যদি শক্তিশালী প্রাচীর নির্মাণ করতে পারে, তাহলে তারা শত্রুদের পরাজিত করতে পারবে। নহিমিয়ের থেকে এটা একটা নিদারুণ অনুরোধ ছিল, কিন্তু তবুও রাজা তার অনুরোধ রেখেছিলেন। মনে রাখবেন, নহিমিয় কোনো বড় ও প্রভাবশালী রাজনৈতিক নেতা ছিলেন না অথবা কোনো প্রভাবশালী ব্যক্তি ছিলেন না, কিন্তু রাজপ্রাসাদে একজন দাস ছিলেন, রাজার সেবা করতেন। সারাংশে নহিমিয় বলেছিলেন, *"তাহাতে আমার উপরে আমার ঈশ্বরের মঙ্গলময় হস্ত থাকায় রাজা আমাকে সেই সমস্ত দিলেন"* (নহিমিয় 2:8)। তাই, তিনি ঘোষণা করলেন যে ঈশ্বরের হাত তার উপর ছিল বলে, রাজা তার সকল অনুরোধ রেখেছিলেন। এবং তাই, নহিমিয় যিরূশালেমে ফিরে গিয়েছিলেন ও লোকেদের এই বিষয়ের প্রতি দৃষ্টিপাত করতে বলেছিলেন যে তারা কী প্রকারের অসহায়তার মধ্যে ডুবে রয়েছে এবং কীভাবে যিরূশালেম ধ্বংসের মধ্যে পড়ে রয়েছে।

**নহিমিয় 2:18**
**পরে আমার উপরে প্রসারিত ঈশ্বরের মঙ্গলময় হস্তের কথা এবং আমার প্রতি কথিত রাজার বাক্য তাহাদিগকে জানাইলাম। তাহাতে তাহারা কহিল, চল, আমরা উঠিয়া গিয়া গাঁথি। এইরূপে তাহারা সেই সাধু কার্যের জন্য আপন আপন হস্ত সবল করিল।**

নহিমিয় শুধুমাত্র ঈশ্বরের কৃপা অনুভব করেননি, কিন্তু সেই কৃপার অভিজ্ঞতার কথা অন্যান্য লোকেদের সাথেও ভাগ করে নিয়েছিলেন। তাই, নহিমিয়ের উপর ঈশ্বরের কৃপা লোকেদেরকে তার প্রতি আকর্ষিত করেছিল। অন্যান্য লোকেরা নহিমিয়ের সাথে যুক্ত হতে চেয়েছিল এবং তার মিশনের একটি অংশ হতে চেয়েছিল! বর্তমানেও ঈশ্বরের কৃপা আপনার ও আমার জন্য একই প্রকারের কাজ করতে পারে!

নহিমিয় ঈশ্বরের কৃপায় গমনাগমন করেছিলেন এবং এটা অন্যান্য লোকেদের হৃদয়ে এমন এক সাহস নিয়ে এসেছিল যে বিরোধিতার মুখেও তারা সবাই মিলে এই উত্তর দিয়েছিল, *"…যিনি স্বর্গের ঈশ্বর, তিনিই আমাদিগকে কৃতকার্য করিবেন; অতএব তাঁহার দাস আমরা উঠিয়া গাঁথিব…"* (নহিমিয় 2:20)। সুতরাং, তারা জানতো যে তারা ঈশ্বরের কৃপার মধ্যে রয়েছে এবং ঈশ্বর তাদের মাঝে যে কাজ করছিলেন, সেটা তারা চিহ্নিত করতে পেরেছিল। তারা বিশ্বাস করেছিল যে ঈশ্বরের উত্তম কৃপাযুক্ত হাত তাদের উপর ছিল, এবং লোকে যাই বলুক না কেন, তারা উঠে দাঁড়িয়ে নির্মাণ করতে থাকবে।

## যোষেফ

আদিপুস্তক 39 অধ্যায় যোষেফের কাহিনী আমাদের জানায়, যেখানে তার ভাইয়েরা তাকে মিশরে ক্রীতদাস রূপে বিক্রি করে দিয়েছিল। সেখানে তিনি পোটীফরের বাড়িতে সেবা করেছিলেন এবং পরে তাকে কারাগারে বন্দী করে দেওয়া হয়েছিল।

**আদিপুস্তক 39:21-22**
**21 কিন্তু সদাপ্রভু যোষেফের সহবর্তী ছিলেন, এবং তাঁহার প্রতি দয়া করিলেন; ও তাঁহাকে কারারক্ষকের দৃষ্টিতে অনুগ্রহের পাত্র করিলেন।**
**22 তাহাতে কারারক্ষক কারাস্থিত সমস্ত বন্দির ভার যোষেফের হস্তে সমর্পণ করিলেন, আর তথাকার লোকদের সমস্ত কর্ম যোষেফের আজ্ঞা অনুসারে চলিতে লাগিল।**

তাই, এমনকি কারাগারের মধ্যেও, কারাগারের রক্ষক যোষেফকে দায়িত্বে রেখেছিলেন। এটা ছিল একটা ঐশ্বরিক কৃপা। কারাগারের রক্ষক এক মুহূর্তের জন্যও ভাবেননি যে যোষেফ নিজেকে ও অন্যান্য বন্দীদের পালাতে সাহায্য করবে। কল্পনা করুন, একজন কারাগারে বন্দী তার নিজের কারাগারের দেখাশোনা ও তত্ত্বাবধান করছে!

**প্রেরিত্ 7:9-10**
**9 আর পিতৃকুলপতিরা যোষেফের প্রতি ঈর্ষা করিয়া তাঁহাকে বিক্রয় করিলে তিনি মিসরে নীত হন।**
**10 কিন্তু ঈশ্বর তাঁহার সঙ্গে সঙ্গে ছিলেন, এবং তাঁহার সমস্ত ক্লেশ হইতে তাঁহাকে উদ্ধার করিলেন, আর মিসর-রাজ ফরৌণের সাক্ষাতে অনুগ্রহ ও বিজ্ঞতা প্রদান করিলেন; তাহাতে ফরৌণ তাঁহাকে মিসরের ও আপন সমস্ত গৃহের অধ্যক্ষ-পদে নিযুক্ত করিলেন।**

ঈশ্বর যোষেফকে কৃপা দেখিয়েছিলেন এবং রাতারাতি তিনি কারাগারে একজন বন্দী থেকে দেশের প্রধান মন্ত্রীতে পরিণত হলেন। ঈশ্বরের কৃপা এমনি আমাদের জীবনেও করতে পারে। মুহূর্তের মধ্যে সবকিছু পরিবর্তন হতে পারে।

## মিশরে ইস্রায়েল জাতীর লোকেরা

ইস্রায়েলের লোকেরা 400 বছর ধরে মিশরে বন্দী ছিল। ঈশ্বর মোশির সাথে কথা বললেন তার মিশনের শুরুতে, এবং তাকে বললেন, *"আর আমি মিসরীয়দের দৃষ্টিতে এই লোকদিগকে অনুগ্রহের পাত্র করিব; তাহাতে তোমরা যাত্রাকালে রিক্ত হস্তে যাইবে না; কিন্তু প্রত্যেক স্ত্রী আপন আপন প্রতিবাসিনী কিম্বা গৃহে প্রবাসিনী স্ত্রীর কাছে রৌপ্যালংকার, স্বর্ণালংকার ও বস্ত্র চাহিবে; এবং তোমরা তাহা আপন আপন পুত্রদের ও কন্যাদের গাত্রে পরাইবে; এইরূপে তোমরা মিসরীয়দের দ্রব্য হরণ করিবে"* (যাত্রাপুস্তক 3:21-22)। ঈশ্বর মোশিকে বলেছিলেন যে তিনি ইস্রায়েলের লোকেদের প্রতি কৃপা করবেন মিশরীয়দের দৃষ্টির সামনে - সেই লোকেদের সামনে, যারা তাদেরকে এত বছর ধরে বন্দী করে রেখেছিল। তিনি মোশিকে এটাই বলছিলেন যে যখন সময় এসে উপস্থিত হবে এই লোকেদেরকে মিশর বের করে আনার, তখন মোশি তাদেরকে প্রতিশ্রুত দেশে পরিচালনা করবেন। ঈশ্বর স্পষ্ট ভাবে মোশিকে বলেছিলেন যে তাঁর লোকেদের উপর তাঁর কৃপার কারণেই, ইস্রায়েলীয়েরা খালি হাতে মিশর থেকে বেরিয়ে আসবে না।

**যাত্রাপুস্তক 11:3**
**আর সদাপ্রভু মিসরীয়দের দৃষ্টিতে লোকদিগকে অনুগ্রহের পাত্র করিলেন। আবার মিসর দেশে মোশি ফরৌণের দাসদের ও প্রজাদের দৃষ্টিতে অতি মহান ব্যক্তি হইয়া উঠিলেন।**

হঠাৎ, ইস্রায়েলীদের প্রতি মিশরীয়দের মতামত, দৃষ্টিকোণ পরিবর্তন হয়ে গিয়েছিল। মিশরীয়দের সামনে ঈশ্বর ইস্রায়েলীয়দের প্রতি কৃপা করেছিলেন। সবকিছু পরিবর্তিত হয়েছিল!

**যাত্রাপুস্তক 12:35-37**
**35 আর ইস্রায়েল-সন্তানেরা মোশির কথা অনুসারে কার্য করিল; ফলে তাহারা মিসরীয়দের কাছে রৌপ্যালংকার, স্বর্ণালংকার ও বস্ত্র চাহিল।**
**36 আর সদাপ্রভু মিসরীয়দের দৃষ্টিতে তাহাদিগকে অনুগ্রহের পাত্র করিলেন, তাই তাহারা যাহা চাহিল, মিসরীয়েরা তাহাদিগকে তাহাই দিল। এইরূপে তাহারা মিসরীয়দের ধন হরণ করিল।**
**37 তখন ইস্রায়েল-সন্তানেরা বালক ছাড়া কমবেশ ছয় লক্ষ পদাতিক পুরুষ রামিষেষ হইতে সুক্কোতে যাত্রা করিল।**

এ ছাড়াও, মিশরীয়দের সামনে ঐশ্বরিক কৃপা লাভ করার কারণে, মিশরীয়েরা ইস্রায়েলীয়দের সেই সবকিছু দিয়েছিলেন যা তারা চেয়েছিল। সুতরাং, এক প্রকারে তারা মিশরীয়দের লুট করে নিয়েছিল। কল্পনা করুন আপনার বাড়ির পরিচারিকা আপনার কাছে এসে আপনার সব সোনা-গয়না তাকে দিয়ে দিতে বলছে। আপনি হয়ত ভাববেন যে সেই পরিচারিকা হয়ত উন্মাদ হয়ে গিয়েছে। কিন্তু 400 বছরের দাসত্বের পর ইস্রায়েলীয়েরা এটাই চেয়েছিল মিশরীয়দের কাছ থেকে। মুহূর্তের ঐশ্বরিক কৃপার কারণে, ধন-সম্পদ হস্তান্তরিত হয়েছিল - মিশরীয়দের হাত থেকে ইস্রায়েলীদের হাত পর্যন্ত। এই সবকিছু রাতারাতি ঘটেছিল।

আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর এইরূপ আপনার ও আমার জন্য করতে পারেন? আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর মুহূর্তের মধ্যে ও কোনো নির্দিষ্ট মুহূর্তের জন্য ঐশ্বরিক কৃপা আপনার উপর দিতে পারেন? আমি বিশ্বাস করি যে ঈশ্বর পারেন! সময় বদলেছে। লোকেরা বদলেছে। কিন্তু আমাদের ঈশ্বর হলেন সেই ঈশ্বর যিনি অনবরত তাঁর লোকেদের উপর ঐশ্বরিক কৃপা প্রদান করতে থাকেন। তাঁর লোকেদের উপর তাঁর কৃপা সেই সকল কাজকে সাধন করে, যা সাধারণত কখনই হতে পারে না।

# 2. কী হয় যখন ঈশ্বরের কৃপা আমাদের উপর থাকে?

## লোকেদের মাঝে প্রভাববিস্তার

ঐশ্বরিক কৃপা আমাদেরকে লোকেদের মাঝে প্রভাববিস্তার করতে সাহায্য করে। নহিমিয় কোনো উল্লেখযোগ্য ব্যক্তি ছিলেন না। যোষেফ একজন কারাগারে বন্দী ছিলেন। ইস্রায়েলীয়েরা ক্রীতদাস ছিল। কিন্তু যখন ঈশ্বরের কৃপা তাদের উপর এসে পড়েছিল, তখন তারা প্রভাব বিস্তার করেছিল। তারা কথা বলতে পেরেছিল এবং তাদের পক্ষে ঘটনাগুলি ঘটেছিল।

### লোক, স্থান ও বিষয়বস্তুর প্রতি প্রবেশাধিকার লাভ করা

ঈশ্বরের কৃপা আমাদেরকে লোক, স্থান ও বিষয়বস্তুর মাঝে প্রবেশাধিকার দিয়ে থাকে। হঠাৎ, ঈশ্বর আমাদেরকে সঠিক লোকেদের মাঝে, সঠিক স্থানে, অথবা ধন-সম্পদে প্রবেশাধিকার দিয়ে থাকেন যখন তিনি আমাদের উপর তাঁর কৃপা প্রদান করেন।

### অস্বাভাবিক সুযোগ

ঈশ্বরের কৃপা অস্বাভাবিক সুযোগ আমাদের জীবনে নিয়ে আসে - এমন সুযোগ যা অন্যেরা পেতে পারে না।

### উন্নতি নিয়ে আসে

**গীতসংহিতা 89:17**
**যেহেতু তুমিই তাহাদের বলের শোভা, আর তোমার অনুগ্রহে আমাদের শৃঙ্গ উন্নত হইবে।**

এখানে ‘‘শৃঙ্গ’’ কথাটির অর্থ হল ‘‘নেতা’’। ঈশ্বরের কৃপা আমাদের উন্নত করে।

### জীবন প্রদান করে

ঈশ্বর যখন তাঁর কৃপা বর্ষণ করেন, তখন মৃতপ্রায় বিষয়েও প্রাণ ফিরে পায়। আমাদের জীবনের পরিস্থিতি পাল্টে যায় যখন ঈশ্বরের কৃপা আমাদের উপর দেওয়া হয়।

**গীতসংহিতা 30:5**
**কেননা তাঁহার ক্রোধ নিমেষমাত্র থাকে, তাঁহার অনুগ্রহেতেই জীবন; সন্ধ্যাকালে রোদন অতিথি রূপে আইসে, কিন্তু প্রাতঃকালে আনন্দ উপস্থিত হয়।**

**গীতসংহিতা 30:11**
**তুমি আমার বিলাপ নৃত্যে পরিণত করিয়াছ; তুমি আমার চট খুলিয়া আমাকে আনন্দ পটুকায় বদ্ধকটি করিয়াছ।**

## 3. কী কারণে ঈশ্বরের কৃপা আমাদের উপর এসে পড়ে?

কী কারণে ঐশ্বরিক কৃপা একজন ব্যক্তির জীবনে এসে পড়ে? কেনই বা কোনো নির্দিষ্ট সময়ে, কোনো নির্দিষ্ট ব্যক্তির উপর এসে পড়ে? শাস্ত্র অধ্যয়ন করে কয়েকটি উত্তর আমি পেয়েছি, যা আমি নীচে দিলেম:

### আমাদের দায়িত্বের সাথে কৃপা সংযুক্ত রয়েছে

ঈশ্বরের কৃপা সর্বদা আমাদের উপর প্রদত্ত দায়িত্বের সাথে সংযুক্ত থাকে। আমাদের প্রত্যেককে ঈশ্বরদত্ত এক দায়িত্ব দেওয়া হয়েছে এবং যখনই আমরা আমাদের দায়িত্বের দিকে অগ্রসর হই, তখনই ঈশ্বরের কৃপা আমাদের উপর এসে পৌঁছোয়। বাইবেল থেকে কয়েকটি উদাহরণ এখানে দেওয়া হল:

**মরিয়ম**

**লূক 1:30**
**দূত তাঁহাকে কহিলেন, মরিয়ম, ভয় করিও না, কেননা তুমি ঈশ্বরের নিকটে অনুগ্রহ পাইয়াছ।**

ঈশ্বর অন্য কোনো কুমারীকে বেছে নিতে পারতেন মশীহকে জন্ম দেওয়ার একজন মাধ্যম হিসেবে। কিন্তু তিনি মরিয়মকে বেছে নিলেন। তিনি একটি নির্দিষ্ট কাজের জন্য "অনুগ্রহ প্রাপ্ত ব্যক্তি" ছিলেন - মশীহকে জন্ম দেওয়া।

**যীশু**

**লূক 2:52**
**পরে যীশু জ্ঞানে ও বয়সে এবং ঈশ্বরের ও মনুষ্যের নিকটে অনুগ্রহে বৃদ্ধি পাইতে থাকিলেন।**

**নহিমিয়**

কেন নহিমিয় ঐশ্বরিক কৃপা অনুভব করেছিলেন? কারণ তিনি যিরূশালেমের প্রাচীর নির্মাণের কাজের দিকে অগ্রসর হচ্ছিলেন, এবং এই কারণেই নহিমিয় ঈশ্বরের কৃপা লাভ করেছিলেন।

**যোষেফ**

যোষেফ কেন ঐশ্বরিক কৃপা লাভ করেছিলেন? কারণ তিনি প্রধানমন্ত্রী হওয়ার দায়িত্বের দিকে অগ্রসর হচ্ছিলেন, তার স্বপ্নের পূর্ণতা হিসেবে তার লোকেদেরকে নিস্তার করা দ্বারা।

**ইষ্টের**

ইষ্টের রানী ঐশ্বরিক কৃপা লাভ করেছিলেন কারণ তাকে দায়িত্ব দেওয়া হয়েছিল ইহুদী লোকেদের রক্ষা করার। ইষ্টের একজন অনাথ ছিলেন, যার জীবনে যেকোনো গুরুত্বহীন মানুষের মত হয়ে উঠতে পারতো। কিন্তু ঈশ্বরের কৃপা তার উপর ছিল। তাকে বেছে নেওয়া হয়েছিল রাজা অহশ্বেরশের রানী হওয়ার জন্য। এবং সঠিক সময়ে, ইষ্টের রানী যখন রাজার কাছে একটা নিবেদন রাখতে গিয়েছিলেন, তখন রাজা তাকে প্রাঙ্গনে দাঁড়িয়ে থাকতে দেখেন, এবং তিনি রাজার দৃষ্টিতেও কৃপা লাভ করলেন। তাই, রাজা তার সোনার রাজদণ্ড এগিয়ে ধরলেন এবং রানী ইষ্টের সামনের দিকে এগিয়ে এসে রাজদণ্ডের উপরের অংশটিকে স্পর্শ করলেন। এবং রাজা তাকে জিজ্ঞাসা করলেন, "তুমি কী চাও, রানী? তোমার অনুরোধ কী? তা তোমাকে দেওয়া হবে - অর্ধেক রাজত্ব পর্যন্তও দেওয়া হবে!" সুতরাং, ঈশ্বরের কৃপা তার উপর ছিল কারণ তিনি একটি বিশেষ দায়িত্ব নিজের হাতে তুলে নিয়েছিলেন। পরে ইষ্টের উপলব্ধি করতে পেরেছিলেন যে তাকে একটা দায়িত্বভার দেওয়া হয়েছিল এবং তা হল ঈশ্বরের লোকেদের রক্ষা করা।

তাই, যখনই আমরা কোনো দায়িত্বের মাঝখানে থাকি, ঈশ্বরের কৃপা আমাদের উপর এসে পড়বে। এর অর্থ, আমরা যদি আমাদের নিজস্ব কাজের মধ্যে ব্যস্ত থাকি, তাহলে এই ঐশ্বরিক কৃপা লাভ করার মুহূর্তগুলিকে হাতছাড়া করবো। এবং ঈশ্বর তাঁর কৃপা প্রদান করেন কারণ তিনি আমাদের জীবনের জন্য কিছু দায়িত্ব আমাদের দিয়েছেন, যা তিনি চান আমরা যেন পূর্ণ করি। এই কারণে, অনেকসময়ে অপ্রত্যাশিত দরজা খুলে যায় এবং আমরা লোক, স্থান, ও বিষয়বস্তুর প্রতি প্রবেশাধিকার লাভ করি, যেখানে অন্যারা প্রবেশাধিকার নাও পেতে পারে। অনেকসময়ে আমরা আমাদের হাতে অনেক অর্থ ও ধন লাভ করে থাকি। ওপর সময়ে, আমরা লক্ষ্য করতে পারি যে লোকেরা আমাদের দ্বারা প্রভাবিত হয়ে বলবে, "আমিও এই মিশনের একটি অংশ হয়ে উঠতে চাই"। এটাই হল ঐশ্বরিক কৃপা যা আমাদের জীবনের উপর দেওয়া হয়ে থাকে।

কিন্তু, আমরা যেন এটাও স্মরণে রাখি যে কোনো এক মুহূর্তের ঐশ্বরিক কৃপার পর, আমরা যেন আমাদের কাজ অনবরত করতে থাকি এবং সেই ঈশ্বরদত্ত কাজটি সম্পন্ন করার জন্য আমাদের যা কিছু করণীয়, সেইগুলি যেন করতে থাকতে পারি। এটা একটা মুহূর্তের জন্য ঈশ্বরের কৃপা ছিল যখন রাজা নহিমিয়ের সকল অনুরোধ ধার্য করেছিলেন। কিন্তু এর পর নহিমিয়কে পরিশ্রম করতে হয়েছিল ও অনেক বিরোধিতার, মিথ্যা অভিযোগ, ভিতরের লোকেদের থেকে সমস্যা, এবং আরও কিছুর মোকাবিলা করতে হয়েছিল যতক্ষণ না পর্যন্ত তিনি তার দায়িত্বকে সম্পন্ন হতে দেখেছিলেন।

সাবধান থাকুন, ঈশ্বর যে কৃপা আপনার উপর করেছেন, সেটাকে নষ্ট হতে দেবেন না। রাজা শৌল ঈশ্বরের দেওয়া উত্তম কৃপা নষ্ট করেছিলেন ও ঈশ্বর অন্য একজনকে খুঁজে পেয়েছিলেন - দায়ূদ - তাঁর দায়িত্বকে পূর্ণ করার জন্য।

**1 শমূয়েল 15:10-11,16-22**
**10 পরে শমূয়েলের কাছে সদাপ্রভুর এই বাক্য উপস্থিত হইল,**
**11 আমি শৌলকে রাজা করিয়াছি বলিয়া আমার অনুশোচনা হইতেছে, যেহেতু সে আমার অনুগমন হইতে ফিরিয়া আসিয়াছে, আমার বাক্য পালন করে নাই। তখন শমূয়েল ক্রুদ্ধ হইলেন, এবং সমস্ত রাত্রি সদাপ্রভুর কাছে ক্রন্দন করিলেন।**
**16 তখন শমূয়েল শৌলকে কহিলেন, ক্ষান্ত হও; গত রাত্রিতে সদাপ্রভু আমাকে যাহা বলিয়াছেন, তাহা তোমাকে বলি। শৌল কহিলেন, বলুন।**
**17 শমূয়েল কহিলেন, যদিও তুমি আপনার দৃষ্টিতে ক্ষুদ্র ছিলে, তথাপি তোমাকে কি ইস্রায়েল বংশ সকলের মস্তক করা হয় নাই? আর সদাপ্রভু তোমাকে ইস্রায়েলের উপরে রাজপদে অভিষিক্ত করিলেন।**
**18 পরে সদাপ্রভু তোমাকে যাত্রাপথে পাঠাইলেন, কহিলেন, যাও, সেই পাপিষ্ঠ অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট কর; এবং যে পর্যন্ত তাহারা উচ্ছিন্ন না হয়, তাবৎ তাহাদের সঙ্গে যুদ্ধ কর।**
**19 তবে তুমি সদাপ্রভুর রবে অবধান না করিয়া কেন লুটের উপরে পড়িয়া সদাপ্রভুর দৃষ্টিতে যাহা মন্দ, তাহাই করিয়াছ?**
**20 শৌল শমূয়েলকে কহিলেন, আমি ত সদাপ্রভুর রবে অবধান করিয়াছি, যে পথে সদাপ্রভু আমাকে পাঠাইয়াছেন, সেই পথে গিয়াছি, আর অমালেকের রাজা অগাগকে আনিয়াছি, ও অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট করিয়াছি।**
**21 কিন্তু গিল্‌গলে আপনার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে বলিদান করিবার জন্য লোকেরা বর্জিত দ্রব্যের অগ্রিমাংশ বলিয়া লুটের মধ্য হইতে কতকগুলি মেষ ও গরু আনিয়াছে।**
**22 শমূয়েল কহিলেন, সদাপ্রভুর রবে অবধান করিলে যেমন, তেমন কি হোমে ও বলিদানে সদাপ্রভু প্রসন্ন হন? দেখ, বলিদান অপেক্ষা আজ্ঞা পালন উত্তম, এবং মেষের মেদ অপেক্ষা অবধান করা উত্তম।**

### নির্দিষ্ট সময়ের সাথে ঈশ্বরের কৃপা যুক্ত থাকে

**গীতসংহিতা 102:13**
**তুমি উঠিবে, সিয়োনের প্রতি করুণা করিবে; কারণ এখন তাহার প্রতি কৃপা করিবার সময়, কারণ নিরূপিত কাল উপস্থিত হইল।**

আমাদের জীবনে কিছু নির্দিষ্ট মুহূর্ত থাকে যখন ঈশ্বরের কৃপা আমাদের জীবনের উপর ঢেলে দেওয়া হয় কোনো একটা নির্দিষ্ট কাজের জন্য। একটা নির্দিষ্ট সময় রয়েছে যেখানে ঐশ্বরিক কৃপা আমাদের জীবনের উপর ঢেলে দেওয়া হয় এবং আমরা চিন্তাভাবনা করতে থাকি যে কীভাবে আমরা এমন কৃপার অভিজ্ঞতা পেতে পারি, কোনো কিছু না করা সত্ত্বেও। এটা হল একটা কৃপা বর্ষণের সময়কাল! আমাদের সময়কাল তাঁর হাতে রয়েছে (গীতসংহিতা 31:15)।

এই কৃপা বর্ষণের সময়কালের মাঝখানে, প্রস্তুতির সময় থাকে যা আমাদের প্রস্তুত করে যাতে আমরা এই কৃপাগুলি সামলাতে পারি। ইতিমধ্যে, আমরা যেন অবশ্যই সেই দায়িত্বের প্রতি বিশ্বস্ত থাকি যা আমাদের দেওয়া হয়েছে এবং স্বাভাবিক ভাবে সেই অনুগ্রহের সাথে কাজ করতে থাকি যা আমদের দেওয়া হয়েছে এই দায়িত্বটি পূর্ণ করার জন্য। আমরা যেন এই কৃপাটিকে অপব্যবহার না করি যখন আমরা সেটাকে লাভ করে থাকি, যাতে আমরা ঈশ্বরের পরবর্তী কৃপা বর্ষণের জন্য প্রস্তুত থাকতে পারি।

## ধার্মিকতার সাথে কৃপা সংযুক্ত থাকে

**গীতসংহিতা 5:12**
**কেননা তুমি ধার্মিককে আশীর্বাদ করিবে, হে সদাপ্রভু, তুমি ঢালের ন্যায় তাহাকে প্রসন্নতায় বেষ্টন করিবে।**

**দানিয়েল 9:23**
**তোমার বিনতির আরম্ভ সময়েই আজ্ঞা নির্গত হইয়াছিল, তাই আমি তোমাকে সংবাদ দিতে আসিলাম, কেননা তুমি অতিশয় প্রীতি-পাত্র; অতএব এই বিষয় বিবেচনা কর, ও এই দর্শন বুঝিয়া লও।**

**দানিয়েল 10:11,19**
**11 পরে তিনি আমাকে কহিলেন, হে মহাপ্রীতি-পাত্র দানিয়েল, আমি তোমাকে যে যে কথা বলিব, সেই সকল বুঝিয়া লও, এবং উঠিয়া দাঁড়াও, কেননা আমি এখন তোমারই কাছে প্রেরিত হইলাম। তিনি আমাকে এই কথা কহিলে আমি কাঁপিতে কাঁপিতে উঠিয়া দাঁড়াইলাম।**
**19 আর তিনি কহিলেন, হে মহাপ্রীতি-পাত্র, ভয় করিও না, তোমার শান্তি হউক, সবল হও, সবল হও। তিনি আমার সহিত আলাপ করিলে আমি সবল হইলাম, আর বলিলাম, আমার প্রভু বলুন, কেননা আপনি আমাকে সবল করিয়াছেন।**

ঈশ্বরের কৃপা ধার্মিকতার সাথে সংযুক্ত রয়েছে। দানিয়েল হলেন এমন একজন ব্যক্তির মহান উদাহরণ যিনি ধার্মিকতার জন্য দাঁড়িয়েছিলেন। তিনি কঠিন পরিস্থিতিতেও ধার্মিকতায় চলেছিলেন। ঈশ্বর তাকে "মহাপ্রীতি-পাত্র" বলে সম্বোধন করেছেন। ঈশ্বর ধার্মিককে অবশ্যই আশীর্বাদ করবেন। তিনি তাদের চারিপাশে ঢালের মত কৃপা বেষ্টন করে রাখবেন। তাই, যখন আমরা ধার্মিকতায় গমন করি, তখন আমাদের চারিপাশে তিনি তাঁর কৃপা দিয়ে বেষ্টন করে রাখবেন। তাই, আমাদের সাথে যাই সংস্পর্শে আসুক না কেন, তারা এই অদৃশ্য কৃপার সংস্পর্শেও আসবে - কৃপার একটা বেষ্টনকারী ঢাল।

**হিতোপদেশ 3:3-4**
**3 দয়া ও সত্য তোমাকে ত্যাগ না করুক; তুমি ইহাদের তোমার কণ্ঠদেশে বাঁধিয়া রাখ, তোমার হৃদয়-ফলকে লিখিয়া রাখ।**
**4 তাহা করিলে অনুগ্রহ ও সুবুদ্ধি পাইবে, ঈশ্বরের ও মনুষ্যের দৃষ্টিতে পাইবে**

**হিতোপদেশ 12:2**
**সৎ লোক সদাপ্রভুর কাছে অনুগ্রহ পাইবে; কিন্তু তিনি কুকল্পনাকারীকে দোষী করিবেন।**

ঈশ্বর চান, দুটো বিষয় যেন আমরা আমাদের হৃদয়ের মধ্যে রাখি - দয়া, অর্থাৎ করুণা, এবং সত্য, অর্থাৎ সততা, ধার্মিকতা, ও ন্যায়পরায়নতা। ঈশ্বর বলেছেন যে এই দুটো বিষয় যদি আমরা বজায় রাখতে পারি, তাহলে ঈশ্বরের দৃষ্টিতে ও মানুষের দৃষ্টিতে কৃপা লাভ করবো। তাই যখন আমরা দয়া ও সত্যে গমনাগমন করি, তখন কৃপা আমাদের জীবনের প্রতি আকর্ষিত হয়।

### প্রজ্ঞা ও বোধবুদ্ধির সাথে কৃপা সংযুক্ত থাকে

**হিতোপদেশ 8:35**
**কেননা যে আমাকে (প্রজ্ঞা) পায়, সে জীবন পায়, এবং সদাপ্রভুর অনুগ্রহ ভোগ করে।**

**হিতোপদেশ 13:15**
**সুবুদ্ধি অনুগ্রহজনক, কিন্তু বিশ্বাসঘাতকদের পথ অসমান।**

**হিতোপদেশ 14:35**
**যে দাস বুদ্ধিপূর্বক চলে, তাহার প্রতি রাজার অনুগ্রহ বর্তে; কিন্তু লজ্জাদায়ী তাঁহার ক্রোধের পাত্র হয়।**

প্রজ্ঞা ও বোধবুদ্ধির সাথে কৃপা যুক্ত আছে। কারণ, যখন আমরা প্রজ্ঞা ও সুবুদ্ধির সাথে গমনাগমন করার জন্য বেছে নিই, তখন আমরা জীবন ও কৃপা লাভ করি। ঈশ্বর যখন জানেন যে আমাদের তিনি যা দিয়েছেন তা আমরা সঠিক ভাবে ব্যবহার করবো, তখন তিনি আমাদের প্রতি কৃপা প্রদান করেন। তাই, আমরা যেন প্রজ্ঞা ও সুবুদ্ধিকে মূল্য দিতে শিখি, এবং নিজেদেরকে ঈশ্বরের কৃপা লাভ করার পর্যায় অবস্থিত করি।

**গীতসংহিতা 106:4**
**সদাপ্রভু, তোমার প্রজাদের প্রতি তোমার যে মমতা, সেই মমতায় আমাকে স্মরণ কর; তোমার পরিত্রাণসহ আমার তত্ত্ব লও।**

**গীতসংহিতা 119:58**
**আমি সর্বান্তঃকরণে তোমার মুখের প্রসন্নতা চেষ্টা করিয়াছি; তোমার বচনানুসারে আমার প্রতি কৃপা কর।**

**হিতোপদেশ 22:1**
**প্রচুর ধন অপেক্ষা সুখ্যাতি বরণীয়; রৌপ্য ও সুবর্ণ অপেক্ষা প্রসন্নতা ভাল।**

আমি আপনাদেরকে এইগুলি করার জন্য উৎসাহিত করি:

- ঐশ্বরিক কৃপার জন্য প্রার্থনা করুন।
- ঐশ্বরিক কৃপা লাভ করার জন্য নিজেকে সঠিক স্থানে অবস্থিতি করান।
- ঐশ্বরিক কৃপা লাভ করার প্রত্যাশায় থাকুন।

সমস্ত অন্তঃকরণ দিয়ে ঈশ্বরের কাছে কৃপার জন্য প্রার্থনা করুন কারণ এই ঐশ্বরিক কৃপার আশীর্বাদ আশ্চর্য সকল কাজ করতে থাকে। কৃপা লাভের মুহূর্তগুলিতে, কৃপা লাভের সময়কালে, আপনি সেই সকল লাভ করবেন যা অর্থ ক্রয় করতে পারবে না। কারাগার থেকে প্রধানমন্ত্রী হওয়ার জন্য কী অর্থ মূল্য যোষেফ দিয়েছিলেন? রানী হওয়ার জন্য ইষ্টের কী মূল্য দিয়েছিলেন? সকল অনুরোধ মেনে নেওয়ার জন্য নহিমিয় রাজাকে কী মূল্য দিয়েছিলেন?

আপনার কর্মক্ষেত্রে হোক, কর্মজীবনে হোক, ব্যবসায় হোক, পরিচর্যায় হোক, শিক্ষাক্ষেত্রে হোক, অথবা অন্য যেকোনো ক্ষেত্রে হোক না কেন, ঈশ্বরের কাছে কৃপা লাভ করার জন্য প্রার্থনা করুন। কৃপা লাভের জন্য আপনি প্রভুর কাছে অনুনয় করতে পারেন। এবং যখন সেই কৃপা আপনার উপর ঢেলে দেওয়া হবে, মুহূর্তের মধ্যে, অসাধারণ বিষয় ঘটবে, সুযোগ আপনার সামনে খুলে যাবে, আপনার পরিস্থিতি বদলে যাবে, এবং তিনি আপনার রোদন আনন্দে পরিণত করবেন।

## প্রার্থনা

*সর্বশক্তিমান ঈশ্বর, আমি প্রজ্ঞা ও ধার্মিকতার সাথে কাজ করবো। আমি নিজেকে এমন ভাবে অবস্থিতি করাচ্ছি যাতে আমি ঐশ্বরিক কৃপা লাভ করতে পারি এবং সেই কৃপা লাভ করার প্রত্যাশা করতে পারি! এ ছাড়াও, কৃপা লাভের সেই মুহূর্তগুলির মাঝে, আমি তোমার আহ্বানের প্রতি বিশ্বস্ত থাকবো। আমি পরের কৃপা লাভের সময়কালটিকে হাতছাড়া করতে চাই না, যা তুমি আমার জীবনের জন্য রেখেছ। যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন!*

# 4. ঈশ্বরের কৃপার তত্ত্বাবধান করা

আমাদের জীবনে ঈশ্বরের কৃপা লাভ করা হল শুধুমাত্র অনুগ্রহের একটা কাজ। ঈশ্বর আমাদের উপর কৃপা প্রদান করেন এবং আমরা নিজেদেরকে অবস্থিতি করাই সেটাকে লাভ করার জন্য। কিন্তু, এর পর আমরা কী করি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কীভাবে আমরা ঈশ্বরের কৃপার তত্ত্বাবধান করি নির্ধারণ করবে যে আমরা আমাদের দায়িত্বে এগচ্ছি কিনা, এবং সেটার দ্বারা অবশেষে ঈশ্বরের উদ্দেশ্য পূর্ণ হচ্ছে কিনা। এ ছাড়াও, ঈশ্বরের কৃপার সঠিক ভাবে তত্ত্বাবধান করা নির্ধারণ করবে যে তিনি কৃপা অনবরত ঢালতে থাকবেন কিনা, কারণ তাঁর রাজ্যে সামান্য বিষয়ের সাথে বিশ্বস্ততা আমাদেরকে আরও অনেক পরিমাণে লাভ করার অবস্থায় রাখে।

বাইবেলে আমরা এমন লোকেদের লক্ষ্য করেছি যারা ঐশ্বরিক কৃপার ভাল তত্ত্বাবধান করেছিলেন। কয়েকটি উদাহরণ হবে যোষেফ, যিনি ঐশ্বরিক কৃপা লাভ করার পর, একটি বিদেশে প্রধানমন্ত্রী হয়েছিলেন, প্রভুর প্রতি বিশ্বস্ত ছিলেন, তার দায়িত্ব পূর্ণ করেছিলেন এবং সেই কৃপা তার ভাইদের প্রতিও দেখিয়েছিলেন যারা তার সাথে অন্যায় করেছিল।

দায়ূদ ঐশ্বরিক কৃপার অভিজ্ঞতা লাভ করেছিলেন যা তাকে একটি সরল মেষপালক থেকে ইস্রায়েলের শক্তিশালী রাজা পর্যন্ত নিয়ে গিয়েছিল। যদিও তিনি তার জীবনে কয়েকটি ভুল করেছিলেন, তবুও তিনি জীবনের শেষ পর্যন্তও প্রভুর প্রতি ভালোবাসা ও ভয়ে চলেছিলেন। তিনি তার চারিপাশের মানুষদের সম্মান করেছিলেন এবং ঈশ্বর যে কৃপা তাকে দিয়েছিলেন, সেটার ভাল তত্ত্বাবধান করেছিলেন।

নহিমিয় আরও একজন অসাধারণ উদাহরণ। যিরূশালেমের প্রাচীর নির্মাণ কাজ সম্পূর্ণ করার পরেও, এবং একজন নেতা (রাজ্যপাল) হিসেবে স্বীকৃতি লাভ করার পরেও তিনি সেই সুযোগ-সুবিধায় জীবন যাপন করতে অস্বীকার করেছিলেন। তার নিজের মুখে এই কথাগুলি বলেছিলেন, *"অধিকন্তু আমি যে সময়ে যিহূদা দেশে তাহাদের অধ্যক্ষপদে নিযুক্ত হইয়াছিলাম, সেই অবধি অর্থাৎ অর্তক্ষস্ত রাজার বিংশতিতম বৎসরাবধি দ্বাত্রিংশ বৎসর পর্যন্ত, দ্বাদশ বৎসর আমি ও আমার ভ্রাতৃগণ দেশাধ্যক্ষের বৃত্তি ভোগ করি নাই। আমার পূর্বে যে সকল দেশাধ্যক্ষ ছিলেন, তাঁহারা লোকদিগকে ভারগ্রস্ত করিতেন, এবং তাহাদের হইতে নগদ চল্লিশ শেকল রৌপ্য ব্যতিরেকে খাদ্য ও দ্রাক্ষারস লইতেন, এমন কি তাঁহাদের চাকরেরাও লোকদের উপরে কর্তৃত্ব করিত; কিন্তু আমি ঈশ্বরভয় প্রযুক্ত তাহা করিতাম না। সেই সময়ে প্রতিদিন এই সকল আহারীয় দ্রব্য প্রস্তুত করা হইত, একটি বলদ ও ছয়টি উত্তম মেষ; কতকগুলি পক্ষীও আমার জন্য পাক করা যাইত; এবং দশ দিন অন্তর সর্বপ্রকার দ্রাক্ষারস; এই সমস্ত সত্ত্বেও লোকদের দাসত্বের ভার গুরুতর হওয়াতে আমি দেশাধ্যক্ষের বৃত্তি চাহিতাম না"* (নহিমিয় 5:14-15,18)।

ইষ্টের রানী ঐশ্বরিক কৃপা লাভ করেছিলেন ও রানী হয়েছিলেন। এবং তিনি ইচ্ছাকৃত ভাবে তার প্রাণের ও প্রভাবশালী অবস্থার ঝুঁকি নিয়েছিলেন ঈশ্বরের লোকেদের জন্য।

এমনই আরও অনেক ব্যক্তিরা আছেন যারা তাদের জীবনে ঐশ্বরিক কৃপার ভাল তত্ত্বাবধান করেছিলেন।

কিন্তু, আমরা এমন ব্যক্তিদেরকেও দেখতে পাই যারা ঈশ্বরদত্ত কৃপাকে নষ্ট করেছিলেন। রাজা শলোমন - ঈশ্বর কৃপা প্রদান করেছিলেন মহান প্রজ্ঞা, ধন, প্রভাব, ও শান্তি প্রদান করার মধ্যে দিয়ে - কিন্তু এই সবকিছু হারিয়েছিলেন মহিলাদের প্রতি তার আসক্তির কারণে। এটা ইস্রায়েল জাতীর উপর আরও একটা গৌরবময় রাজত্বকে নষ্ট করে দিয়েছিল। হিষ্কীয় রাজা যিহূদার একজন উত্তম রাজা ছিলেন যিনি ধার্মিকতার উদ্দীপনা দেখেছিলেন ও প্রভুর কাছে ফিরে এসেছিলেন। *"আর সদাপ্রভু তাঁহার সহবর্তী ছিলেন; তিনি যে কোন স্থানে যাইতেন, বুদ্ধিপূর্বক চলিতেন"* (2 রাজাবলি 18:7ক)। তিনি এটাও দেখেছিলেন যে ঈশ্বর তাকে এক মহান জয় প্রদান করেছিলেন ও তাকে রক্ষা করেছিলেন। তবুও তিনি তার রাজত্বকালের শেষে গিয়ে একটা গুরুতর ত্রুটি করে ফেললেন। ঈশ্বর যা তার হাতে যত্ন নেওয়ার জন্য দিয়েছিলেন, সেটার রক্ষা তিনি করেননি

এবং উদাহরণ হিসেবে পরবর্তী প্রজন্মের কাছে সেটাকে এগিয়ে দেননি। বরং, তিনি যিহূদাকে বাবিলের রাজার কাছে উন্মুক্ত করে দিয়েছিলেন, যা অবশেষে এই দেশকে বাবিলের হাতে বন্দী হয়ে যেতে বাধ্য করেছিল (2 রাজাবলি 20:12-20)।

এখানে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় দেওয়া হল যা আমাদের করণীয় যদি আমরা ঈশ্বরদত্ত কৃপাকে সঠিক ভাবে তত্ত্বাবধান করতে চাই।

### ঈশ্বরকে সকল মহিমা দিন

**গীতসংহিতা 115:1**
**হে সদাপ্রভু, আমাদিগকে নয়, আমাদিগকে নয়, কিন্তু তোমারই নাম গৌরবান্বিত কর, তোমার দয়ার অনুরোধে, তোমার সত্যের অনুরোধে।**

আমাদের জীবনে ঈশ্বরের কৃপা লাভ করার সাথে, আমরা যেন অবশ্যই আমাদের দৃষ্টিকে তাঁর উপর স্থির করে রাখি এবং তাঁর দয়ার কারণে আমরা যা কিছু লাভ করেছি, সেইগুলির জন্য তাঁকেই সকল প্রশংসা, সম্মান, ও মহিমা দিই।

### ঐশ্বরিক কৃপার আশীর্বাদ ভাগ করে নিন

**নহিমিয় 8:10**
**আর তিনি তাহাদিগকে কহিলেন, যাও, পুষ্ট দ্রব্য ভোজন কর, মিষ্ট রস পান কর, এবং যাহার জন্য কিছু প্রস্তুত নাই, তাহাকে অংশ পাঠাইয়া দেও; কারণ অদ্যকার দিন আমাদের প্রভুর উদ্দেশে পবিত্র, তোমরা বিষণ্ন হইও না, কেননা সদাপ্রভুতে যে আনন্দ, তাহাই তোমাদের শক্তি।**

যখন আমরা আমাদের উপরে ঈশ্বরের কৃপাকে উপভোগ করি, আমরা যেন অবশ্যই সেই কৃপাকে অন্যদের সাথে ভাগ করে নিই। আমাদের চারিপাশে কেউ কেউ হয়ত জীবনের কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে - হয়ত কোনো কষ্টভোগের মধ্যে দিয়ে, কোনো অভাবের মধ্যে দিয়ে, ও কোনো প্রতিকূলতার মধ্যে দিয়ে। আমরা যেন আমাদের জীবনের উপর ঈশ্বরের মঙ্গলভাবকে অন্যদের জীবনেও ঢেলে দিই। ঈশ্বর আমাদের আশীর্বাদ করেন, যাতে আমরা আশীর্বাদ হতে পারি।

### ঈশ্বরের কৃপার অপব্যবহার করবেন না

ঈশ্বরের কৃপা শুধুমাত্র আমাদের উপরেই প্রচুর পরিমাণে ঢেলে দেওয়ার জন্য নয়। এবং ঈশ্বর আমাদের হাতে যা কিছু দিয়েছেন, সেটাকে যেন অপব্যবহার না করি। আমাদের উপর ঈশ্বরের কৃপার অর্থ এই নয় যে আমরা অন্যদের থেকে ভাল। আমাদের উপর ঈশ্বরের কৃপার অর্থ এই নয় যে তিনি আমাদেরকে অন্যদের থেকে বেশী ভালোবাসেন।

### বৃদ্ধি পেতে থাকুন

যদিও কৃপা লাভের একটা সময়কাল আমরা উপভোগ করে থাকি, এর অর্থ এই নয় যে আমরা সেখানেই আটকে থাকি ঈশ্বরের সাথে আমাদের যাত্রাপথে। ঈশ্বর চান আমরা যেন তেজ থেকে তেজ পর্যন্তও যাত্রা করতে থাকি ও তাঁর রূপে রূপান্তরিত হতে থাকি। আমাদের জীবনের প্রত্যেকটি পর্যায় যেন আরও উচ্চ স্থানে ও ঈশ্বরের সাথে আরও গভীরে আমাদেরকে নিয়ে যায়। এটা যেন আমাদেরকে পবিত্রতার, অনুশাসন, ও ত্যাগস্বীকারের আরও উচ্চ স্তরে নিয়ে যায় তাঁর রাজ্যের জন্য। তিনি যত বেশী আমাকে দান করেন, তত বেশী আমি নিজেকে বেদির সামনে উৎসর্গ করবো।

### ঈশ্বর যা দিয়েছেন, সেটার রক্ষা করুন

আমরা যেন কৃপাকে রক্ষা করি। ঈশ্বর যাকিছু আমাদের দিয়েছেন, সেইগুলিকে যেন সঠিক ভাবে রক্ষা করি। আমাদের এক শত্রু আছে যে ঈশ্বরদত্ত উত্তম বিষয়গুলিকে বিনাশের কারণে পরিণত করার চেষ্টা করে থাকে। শত্রু চুরি, বোধ, ও বিনাশ করার প্রচেষ্টা করে। রাজা দায়ূদ যখন তার জীবনের

সবচেয়ে বড় সাফল্য দেখেছিলেন এবং কিছুক্ষণের জন্য তার চারিপাশ থেকে ‘‘সুরক্ষা’’ নামিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন, তখনই তিনি বৎশেবার সাথে পাপে পড়েছিলেন। তাই, আমাদের অনবরত সতর্ক থাকতে হবে ও আমাদের জীবনের উপরে কৃপাকে রক্ষা করে যেতে হবে। সাধারণত, কৃপা সকল প্রকারের মানুষদের আমাদের দিকে আকর্ষিত করে। তাদের মধ্যে সবাই সঠিক উদ্দেশ্য নিয়ে আসে না। অনেকে আসবে আমাদের জীবনের উপর কৃপার সাথে তাদের স্বার্থপরতাকে যুক্ত করতে চাইবে। সতর্ক থাকুন বিভিন্ন ‘‘অংশিদারিত্ব’’ গুলি নিয়ে আপনার কৃপা লাভের সময়কালে। সবকিছু পরিষ্কার ও বিশুদ্ধ রাখুন। আপস করবেন না এবং সর্বদা জ্যোতিতে চলবেন। সেই সকল লোকেদের থেকে দূরে থাকুন যাদের হৃদয়ের উদ্দেশ্য, জীবনের উদাহরণ, অথবা মান ঈশ্বরের বাক্যের সাথে মিল খায় না।

**পরবর্তী প্রজন্মের কাছে এগিয়ে দিন**

কৃপা হল একটা উত্তরাধিকার যা আমাদের পরবর্তী প্রজন্মের কাছে এগিয়ে দেওয়া উচিৎ। যারা আমাদের পরে আসে, যখন আমরা তাদেরকে ঈশ্বরের মঙ্গলভাব সম্পর্কে শিক্ষা দিই, এবং কীভাবে তাঁর মঙ্গলভাবকে সঠিক যত্ন নিতে হয়, তখন আমরা তাদেরকে এমন এক স্থানে অবস্থান করাচ্ছি যেখান থেকে তারা সেই কৃপাকে লাভ করতে পারবে ও সেটা নিয়ে সামনের দিকে দৌড়ে যেতে পারবে। আমরা যদি ঐশ্বরিক কৃপা লাভ করি এবং পরবর্তী প্রজন্মকে বোঝাতে ব্যরথহই যে ঐশ্বরিক কৃপায় কীভাবে চলতে হয়, তাহলে আমাদের কাছে যা কিছু আছে, তা অবশ্যই ক্ষীণ হয়ে যাবে ও নষ্ট হয়ে যাবে। কিন্তু, পরবর্তী প্রজন্ম যদি প্রশিক্ষিত হয় যে কীভাবে ঈশ্বরের কৃপায় গমনাগমন করতে হয়, তাহলে যা আমাদের দিয়ে শুরু হয়েছিল, তা অনবরত বৃদ্ধি পেতে থাকবে, উপচেয়ে পড়তে থাকবে, এবং পরবর্তী প্রজন্মগুলিতেও ঈশ্বরের উদ্দেশ্যকে পূর্ণ করতে থাকবে।

## অল পিপলস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপলস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী রূপে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ ভাবে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে।

আমরা আপনাকে আর্থিক ভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আপনারা আমাদের একবার দান করতে পারেন অথবা মাসিক ভাবে অর্থ দান করে সাহায্য করতে পারেন। আপনারা যে পরিমাণের অর্থ আমাদের পাঠান, সেটা সমগ্র দেশ জুড়ে পরিচর্যা কাজে ব্যবহৃত হবে ও আমরা অতিশয় কৃতজ্ঞ থাকবো আপনার সাহায্যের জন্য।

আপনারা আপনাদের উপহার এই নামে চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা পাঠাতে পারেন "All Peoples Church, Bangalore" এবং আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। অথবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

Account Name: All Peoples Church
Account Number: 0057213809
IFSC Code: CITI0000004
Bank: Citibank N.A., No. 5, M.G. Road, Bengaluru, Karnataka 560001

*অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন: অল পিপলস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* ***apcwo.org/give***

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনা করতে স্মরণে রাখবেন।
**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**

## বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival*
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks*
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change*
Code of Honor
Divine Favor*
Divine Order in the Citywide Church
Don’t Compromise Your Calling*
Don’t Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God’s Purpose for Your Life
Gifts of the Holy Spirit
Giving Birth to the Purposes of God*
God Is a Good God
God’s Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife*
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don’t Take Them
Open Heavens*
Our Redemption
Receiving God’s Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father’s Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment*
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner’s Fire
The Spirit of Wisdom, Revelation and Power*
The Wonderful Benefits of speaking in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different*
Who We Are in Christ
Women in the Workplace
Work Its Original Design

উপরের পুস্তকগুলির PDF সংস্করণ বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ। আপনার বিনামূল্যে পুস্তকটি লাভ করার জন্য, এই ইমেইল ঠিকানায় লিখুন: **bookrequest@apcwo.org**
* শুধুমাত্র PDF সংস্করণ উপলব্ধ।

এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন:
**apcwo.org/sermons**

## All Peoples Church এর সম্বন্ধে একটা ভূমিকা

All Peoples Church (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবন ও জ্যোতির ন্যায় হতে এবং সমুদয় ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হতে।

APC তে, পবিত্র আত্মার অভিষেক ও প্রকাশ সহকারে সম্পূর্ণ এবং আপোসহীন ঈশ্বরের বাক্য উপস্থাপনা করার জন্য সমর্পিত। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ এপোলোজেটিক্স, সমসাময়িক পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি, কোন কিছুই পবিত্র আত্মার বরদান, আশ্চর্য কাজ, চিহ্ন সহকারে ঈশ্বরের বাক্য প্রচার করাকে প্রতিস্থাপন করতে পারে না (১ করিন্থীয় ২:৪,৫; ইব্রীয় ২:৩,৪)। আমাদের কেন্দ্র স্থান হল যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আকাঙ্ক্ষা হল মানুষেরা, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মতো পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে All Peoples Church এর অনেক মণ্ডলী স্থাপিত আছে। All Peoples Church এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **www.apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় ২০০০ বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারন করে এই পৃথিবীতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছে ও করেছেন, তার দ্বারা তিনি ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, যারা শুনতে পেত না, তিনি তাদের শ্রবণ শক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরণের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটি দিয়ে তিনি অনেক ক্ষুধিত ব্যক্তিদের খাদ্য যোগান দিয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তার লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর একটা মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে এসেছিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে একটা অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাঁধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে যাওয়ার দ্বারা ঈশ্বরের থেকে চিরকালের জন্য পৃথক হয়ে যাওয়া।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, **"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন" (রোমীয় ৬:২৩)** যীশু তাঁর ক্রুশিয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করে দিলেন। তারপর, তিন দিন পর তিনি আবার বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায়ে অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি না পাক। এবং সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ থেকে ও পাপের পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রস্তুত করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার করতে এসেছিলেন – আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে – প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর কী করেছিলেন তা স্বীকার করা এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করা।

**"...যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"** (প্রেরিত ১০:৪৩)।

**"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"** (রোমীয় ১০:৯)।

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা লেখা আছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করার তিনি ক্রুশের উপর কী করেছেন, সেটা সম্বন্ধীয় একটা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপ থেকে ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা রূপরেখা। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গিয়েছিলে, তুমি তোমার বহুমূল্য রক্ত আমার জন্য ঝরিয়েছিলে এবং আমার পাপের মূল্য মিটিয়ে দিয়েছিলে, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য কী করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছিলে এবং আবার মৃত্যু থেকে বেঁচে উঠেছিলে। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, অথবা অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে না। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছিলে, তুমি আমার পাপের মূল্য মিটিয়েছিলে, তুমি মৃতগণদের মধ্যে থেকে বেঁচে উঠেছিলে, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরন লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*

## DOWNLOAD THE FREE APP!

*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play




*A daily 5-minute video devotional.*
*A daily Bible reading and prayer guide.*
*5-minute Sermon summary.*
*Toolkit with Scriptures on various topics to build faith and information to share the Gospel.*
*Resources with sermons, sermon notes, TV programs, books, music and more.*

*IF YOU LOVE IT, TELL OTHERS ABOUT IT!*

# All Peoples Church Bible College
# apcbiblecollege.org

All Peoples Church বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই - যা প্রভুর সাথে একটা ঘনিষ্ট সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

APC-BC তে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে কাজে প্রকাশিত করার উপর গুরুত্ব দিই, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত কার্যক্রমগুলি আমরা প্রদান করিঃ
এক বছরের Certificate in Theology and Christian Ministry (C.Th.)
দুই বছরের Diploma in Theology and Christian Ministry (D.Th.)
তিন বছরের Bachelor in Theology and Christian Ministry (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল ৯ টা থেকে দুপুর ১টা পর্যন্ত।** কর্মজীবী লোকেরা, গৃহবধূরা এই কোর্সগুলি করতে পারে, এবং দুপুর ১টার পর তাদের প্রতিদিনের কাজকর্ম করতে পারে। আলাদা হস্টেলের ব্যবস্থা আছে সেই সকল শিক্ষার্থীদের জন্য, যারা সেই স্থানে থেকে এই কোর্সগুলি করতে চায়। শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রে পরিচর্যার জন্য অংশগ্রহণ করে, বিশেষ সেমিনারে, প্রার্থনা ও আরাধনার সময়ে অংশগ্রহণ করে প্রতিদিন দুপুর ২ টো থেকে বিকাল ৫টা পর্যন্ত। দুপুরের অধিবেশনগুলি তাদের জন্য অনিবার্য নয়, যারা অন্যান্য কাজ করে। প্রত্যেক শিক্ষার্থীদের কোন না কোন স্থানীয় মণ্ডলীতে সেবাকাজের জন্য উৎসাহিত করা হয়।

কলেজের সম্বন্ধে, পাঠ্যক্রমের সম্বন্ধে, যোগ্যতা, মূল্য সম্বন্ধে আরও বিস্তারিত ভাবে জানতে গেলে apcbiblecollege.org ওয়েবসাইটে যান।

APC-BC is accredited by the Nations Association for Theological Accreditation (NATA).

ঈশ্বর প্রত্যেক মানুষকে সমান ভাবে ভালোবাসেন এবং কারুর মুখাপেক্ষা করেন না। তবুও, মানবজাতির সাথে সম্পর্কে, আমরা দেখতে পাই যে ঈশ্বর কোনো নির্দিষ্ট সময়ে, অথবা কোনো নির্দিষ্ট জীবনের পর্যায়ে, অথবা জীবনের কিছু নির্দিষ্ট মুহূর্তে, কিছু কিছু মানুষের উপর, অথবা কোনো একদল লোকেদের উপর ঐশ্বরিক কৃপা প্রদান করে থাকেন।

ঐশ্বরিক কৃপা হল ঈশ্বরদত্ত একটা বিষয় যা কোনো একজন ব্যক্তির উপর দেওয়া হয় এবং সেটা সেই ব্যক্তিকে প্রভাব বিস্তার করতে সাহায্য করে, মানুষ, স্থান ও বিষয়বস্তুর প্রতি, অস্বাভাবিক সুযোগ, উন্নতি ও ঐশ্বরিক হস্তক্ষেপের প্রতি প্রবেশাধিকার দেয়। এই বিষয়ের প্রতি আমি আমাদের সচেতন করতে চাই, যাতে আমরা ঈশ্বরের থেকে কৃপা লাভের প্রত্যাশা করতে পারি।

আশিস রাইচুর

**All Peoples Church & World Outreach**
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org